

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৪১

পর্ব ২১: খাদ্য (ইআন । كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصلُ التَّالِثُ

আরবী

وَعَن أَسماءَ بنت أبي بكرِ: أَنَّهَا كَانَتْ إِذَا أَتَيْتُ بِثَرِيدِ أَمَرَتْ بِهِ فَغُطِّيَ حَتَّى تَذْهَبَ فَوْرَةُ دُخَانِهِ وَتَقُولُ: أَنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولَ: «هُوَ أعظم للبركة» . رَوَاهُمَا الدَّارمِي

বাংলা

8২৪১-[৮৩] আসমা বিনতু আবূ বকর (রাঃ) হতে বর্ণিত। যখনই তাঁর নিকট সারীদ আনা হত, তখন তার ধোঁয়ার গরম বাষ্প নিঃশেষ হওয়া পর্যন্ত তিনি তা ঢেকে রাখতে আদেশ করতেন এবং তিনি বলতেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি- এতে বিরাট বারাকাত রয়েছে। (দারিমী হাদীস দু'টি বর্ণনা করেছেন)[1]

ফুটনোট

[1] সানাদ হাসান : দারিমী ২০৪৭, মুসনাদে 'আব্দ ইবনু হুমায়দ ১৫৭৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ জামি'উস্ সগীরে সমার্থপূর্ণ বর্ণনা রয়েছে, ''তোমরা (পাতিলের মুখ ঢেকে দেয়ার মাধ্যমে) খাদ্য ঠাণ্ডা করো, কেননা গরম খাদ্যে কোন বারাকাত নেই।'' (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবৃ বাকর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন